

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.২৮২.১৬. ৭২৬

তারিখ : ৩১/০৫/২০১৬ খ্রিঃ

বিষয় : ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রচার ও অন-লাইন সেবা কেন্দ্র চালুকরণ প্রসঙ্গে।

সূত্র : কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬২.১৮.০০৩.১৬-২৯০ তারিখ: ২৯/০৫/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ৪(চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশিত হয়েছে। ভর্তি সংক্রান্ত প্রচারের জন্য মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করার লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ জানান হয়।

- সকল মনোটেকনিক/ পলিটেকনিক/ টেকনিক্যাল স্কুল ও কলেজ/ সার্ভে ইন্সটিটিউট/ টিটিটিসি এবং ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট এর ওয়েব সাইটে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা করা।
- তাঁর এলাকার সকল মাধ্যমিক স্কুলে ভর্তি বিজ্ঞপ্তির একটি কপি প্রেরণ করা।
- ডিপ্লোমা কোর্সে ভর্তির বিষয়ে কমপক্ষে ৭(সাত) দিন মাইক যোগে প্রচারের ব্যবস্থা করা।

জানা গিয়েছে যে, কোন কোন পলিটেকনিক ইন্সটিটিউট/ টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষগণ বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করছেন না।

এমতাবস্থায়, তার প্রতিষ্ঠানের পক্ষ হতে বর্ণিত বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা জানানোর জন্য এবং প্রতিটি পলিটেকনিক ইন্সটিটিউট/ টেকনিক্যাল স্কুল ও কলেজে সেবা কেন্দ্র (Help Desk) স্থাপন এবং ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের অন-লাইনে আবেদন প্রেরণে সহায়তা করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব

ও
পরিচালক (প্রশাসন)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ

টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ এবং ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট
পলিটেকনিক ইন্সটিটিউট (সকল)/ মনোটেকনিক (সকল)/
টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)/ সার্ভে ইন্সটিটিউট।

অনুলিপি :

১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি. সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।